

স্ট্রবেরি পেয়ারা

বাংলাদেশে চাষ হচ্ছে ব্রাজিলের বিখ্যাত স্ট্রবেরি পেয়ারা। এই পেয়ারা দেখতে দেশি পেয়ার মতই। তবে আকারে অনেক ছোট। আর রংটি খুবই আকর্ষণীয়। স্ট্রবেরি মত লাল, হলুদ ও পার্পেল কালারের এই স্ট্রবেরি পেয়ারার গাছ ২ থেকে ৬ মিটার পর্যন্ত বড় হয়। এই পেয়ারা প্রচুর পরিমাণে ধরে। এই পেয়ারা খুবই সুসাদু। স্ট্রবেরি পেয়ারার চাষ পদ্ধতি খুবই সহজ।

পেয়ারা আমাদের দেশে একটি অতি পরিচিত ফল। এটি দেখতে যেমন সুন্দর খেতেও তেমনি সুস্বাদু। দেশী ফলের মধ্যে আমলকির পরে পেয়ারাতেই সবচেয়ে বেশী ভিটামিন সি বিদ্যমান। এই পেয়ারা আমরা বাসা বাড়ির ছাদেই চাষ করতে পারি।

পেয়ারা চাষ করার জন্য সর্ব প্রথমে সঠিকভাবে মাটি তৈরি করতে হবে। এক্ষেত্রে বেলে দো-আঁশ মাটি সর্বোত্তম। প্রথমে ২ ভাগ বেলে দোআঁশ মাটির সাথে ১ ভাগ গোবর এবং ৪০-৫০ গ্রাম টি,এস,পি সার এবং ৪০-৫০ গ্রাম পটাশ সার দিয়ে ড্রাম বা টব ভরে পানিতে ভিজিয়ে রেখে দিতে হবে ১০-১২ দিন। অতঃপর মাটি কিছুটা খুচিয়ে দিয়ে আবার ৪-৫ দিন এভাবেই রেখে দিতে হবে। যখন মাটি বুরবুরে হবে তখন একটি সবল সুস্থ চারা উক্ত টবে রোপন করতে হবে। ##

মোঃ মিজানুর রহমান মিজান

ICT4E অ্যাসোসিয়েট ডিনাজপুর

ও

সিনিয়র শিক্ষক(কম্পিউটার)

মির্জাপুর উচ্চ বিদ্যালয়

বিরামপুর, দিনাজপুর।

মোবাঃ ০১৭৪০৯৭৯৩৯৭

সূত্রঃ অনলাইন ডেক্স